

## সাক্ষাৎকার

“দ্য ব্রিজ” (“The Bridge”) প্রকল্পের ভিত্তি প্রস্তুত করার যে ভাবধারা সে সম্বন্ধে আপনি কি আমাদের আর একটু কিছু বলতে পারেন?

গানটি সম্বন্ধে ব্যাখ্যা করতে গিয়ে আমি এর উৎপত্তির বিষয়ে খুব সহজভাবে বর্ণনা করেছিলাম। এর কারণ হল কোনো ভাবধারার মূলে অনেক দীর্ঘ, জটিল এবং আংশিকভাবে অজানা ইতিহাস থাকে। আমি এর মধ্যে বেশি যেতে চাই নি। আমি তখন সত্যিই গানের কথাগুলি লিখছিলাম, যখন এই ভাবধারাটি মাথায় আসল। কিন্তু ওই একই সময়কালে আমি আমার বাচ্চাদের মানুষ করেছি, পৃথিবীর সাধারণ ওলটপালট গন্ডগোল বিষয়ক খবরাখবর দেখছিলাম, আর সব কিছুই যে একে অন্যের সাথে যুক্ত সে সম্বন্ধে অনেক চিন্তাভাবনা করছিলাম।

আপনি একটা “খোলামেলা ও যথার্থ গানের” কথা বলেন। আপনি কি এই গানটা সম্বন্ধে আর একটু কিছু বলতে পারেন?

এটা আমার অনেক সময় নিয়েছে। এক কথায়, কয়েক বছর। প্রথমে, আমার গানটা অন্যরকম ছিল, কিন্তু একেবারে শেষ মুহুর্তে যখন অনুবাদের কাজ শুরু হয়ে গেছে, তখন হঠাৎ আমি কয়েকমিনিটের মধ্যে এটা আবার লিখলাম..... আমার মনে হয় যে শ্রোতাদের আমি জানি না তাদের জন্য লেখা বেশ আমার জন্য কঠিন: পুরো পৃথিবীর জন্য, যেখানে সাংস্ক-ভিক বিভিন্নতা রয়েছে। আমার মনে হয় এটা তখনই আমার মনের মত হল যখন আমি এর উদ্দেশ্য কি তা ভুলে গেলাম এবং আমার “নিজের” জন্য এটা লিখলাম... আমি আশা করি যে গানটি লোকেদের সম্ভাবনার হৃদয় দেবে, এবং এটা একটা সেতু তৈরী করবে...

কারণ আপনি আশা করেন যে আপনি নিজেকে খুঁজে পাবেন? আপনি নিজেকে “দ” বলেন.... এই ছন্দনামের কি দরকার ছিল?

ও হ্যাঁ... এক্ষেত্রে অবশ্যই এটা গানটির বিষয়ে। বা অতটা গানটির বিষয়ে নয়, কিন্তু একে অন্যকে জানার বিষয়ে। এটা সেই আডভেঞ্চার বিষয়ে: যখন আপনি কোনো এইধরণের প্রকল্প শুরু করবেন তখন কি হবে। আমি প্রকল্পটি “শুরু” করতে চেষ্টা করা ছাড়া, আমার প্রকল্পটি নিয়ে কিছু করার নেই। আমি আশা করি যে এটা নিজেই নিজের মত চলবে। আর আমি ও একেবারে একজন বিখ্যাত শিল্পী নই যার মুখাবয়ব সম্ভাব্য সফলতা ডেকে আনবে। সংক্ষেপে বলতে গেলে: আমি এর বাধা বিলম্ব হয়ে দাঁড়াতে চাই না।

আপনি “প্রকল্পটি শুরু করার” কথা বলছেন। এটি জনসাধারণের মনোযোগে আনার জন্য আপনি কি করেছেন?

মেলের মাধ্যমে আপনি জনসাধারণের কাছে পৌঁছতে চাই। এবং আপনি কয়েকটি প্রতিষ্ঠানের আগ্রহ উদ্রেক করতে চাই যারা গানবাজনা করে। তা ছাড়া, আমি এই উপলক্ষ্যে অনেক লোকের কাছে যেতে পারি যাদের আমি ব্যক্তিগতভাবে খুব ভালো বলে মনে করি।

আর... বাকী যা আছে তার জন্য... আমার এই অনুভূতি যে আমি সমুদ্রে বোতলে করে অনেকগুলি বার্তা পাঠাচ্ছি। ওরা কোথায় গিয়ে পৌঁছবে সেটা একটা রহস্য। আর এটাও আমার কাছে পরিষ্কার নয় যে এই প্রকল্পে কে যোগদান করতে চায় আর কে চায় না।

আপনি এই ধারণার সৃষ্টি করেছেন যে আপনি নিজেকে একজন নীরব দর্শক বলে মনে করেন। ভবিষ্যতে আপনার যুক্ত থাকার বিষয়ে আপনার কি মনে হয়?

আমি জানিনা... আমি হয়তো একজন নীরব দর্শকও নই। আমার মনে হয় আমার স্বপ্নদর্শনের বাইরে একটি সম্ভাব্য বিকাশ ঘটবে। সম্ভাব্য অনুবাদগুলির কথা মনে করুন যেটা আমি চিনতেও পারব না.... তা ছাড়া... আমি একজন লাইব্রেরিয়ান হিসাবে কাজ করি, পরিবার প্রতিপালন করতে হয়... এই মুহুর্তে আমি শুধু একথাই বলতে পারি: সময়েই বলতে পারবে কিভাবে এসবের বিকাশ হবে।

আর কিছু আছে যা আপনি আমাদের বলতে পারেন?

হ্যাঁ... আমি আশা করি যারা আমার কবিতায় সুর দেবে তারা যদি মনে করে তাহলে প্রয়োজনীয় শিল্পগত স্বাধীনতা নেবে।